ভোরের কাগজ

তারিখ JUL 29 1999

পৃষ্ঠা 2 কলাম 6

20

# আজ চট্টগ্রামে বিভাগীয় শিক্ষক সমাবেশ

চট্টগ্রাম অফিস : বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সরকারি বেতনের অংশ ১০০ শতাংশে উন্নীত করা ও জনবল কাঠামো '৯৫ বাতিল করাসহ ৫ দফা দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতির উদ্যোগে আজ বৃহস্পতিবার সকাল ১১টায় মিউনিসিপ্যাল হাই স্কুল মিলনায়তনে চট্টগ্রাম ও সিলেট বিভাগীয় শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হবে। পরে মিছিল বের করা হবে। এতে প্রধান অতিথি থাকবেন সমিতির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক চৌধুরী খুরশিদ আলম। সমিতির অন্য দাবির মধ্যে রয়েছে, বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরকে সরকারি শিক্ষক-কর্মচারীদের অনুরূপ আবাসিক ভাতা ও উৎসব বোনাস প্রদান, বেসরকারি স্কুলের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষককে উচ্চতর বেতন স্কেল দেওয়া এবং শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম অবিলম্বে চালু করে অবসর ভাতা প্রদান।